

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, ‘কোনো ইস্যু না পেয়ে শেখ হাসিনার সরকারকে সরাতে কেউ কেউ নতুন শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তকের ওপর ভর করার চেষ্টা করছেন। তাদের নিয়ে কেবল করুণা করা যায়। পাঠ্যপুস্তক নিয়ে তারা যা বলছেন, তা মিথ্যাচার।’ গতকাল সোমবার রাজধানীর

advertisement

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে প্রাথমিক স্তরের শিক্ষক প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এসব কথা বলেন।

advertisement 4

মন্ত্রী বলেন, ‘পাঠ্যবইয়ে যেসব ভুল এখন পর্যন্ত পাওয়া গেছে, সেগুলো সংশোধন করে শিক্ষাপ্রতিষ্ঠানে পাঠানো হয়েছে। বাকি বইগুলো সবার জন্য উন্মুক্ত আছে, সবাই মতামত দিন। যেসব মতামত যৌক্তিক হবে, সেগুলো গ্রহণ করা হবে।

দীপু মনি বলেন, “কেউ কেউ বই না পড়ে, না দেখে, ‘কেউ একজন বলেছে’ শুনে সমালোচনা শুরু করে দিয়েছেন। তারা চায় এ সরকার না থাকুক। স্মার্ট বাংলাদেশ কী দরকার, তারা চায় পাকিস্তান। এ রকম একটি গোষ্ঠী বলছে, নতুন বইয়ে ইসলাম নেই, যা আছে ওটা ইসলামবিরোধী। আপনার আশপাশে বই আছে, আপনি দেখে নিন। চিলে কান নিয়ে গেছে- আপনি তার পিছে না ছুটে নিজে দেখুন।”

মন্ত্রী বলেন, ‘পশ্চিমবঙ্গের বাতিল করা একটি বইয়ের পৃষ্ঠার সঙ্গে আমার ছবি দিয়ে বলা হচ্ছে, আমি পৌত্তলিকতা শেখাচ্ছি। সেটি সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে দিয়ে জীবনের হুমকি দেওয়া হচ্ছে, এটি সামাজিকতা নয়।’

শিক্ষামন্ত্রী বলেন, ‘যেসব শিক্ষক সামান্য সম্মানীর বিনিময়ে দিনের পর দিন কষ্ট করে বইগুলো সম্পাদনা করেন, তাদের যদি হুমকি দেওয়া হয়, তাহলে তাদের আমি কী বলব? মিথ্যাচার ও অপপ্রচার সহ্য করা হবে না।’

নবম-দশম শ্রেণির বই প্রসঙ্গে দীপু মনি বলেন, ‘ভুলটি ১০ বছর পর ধরা পড়েছে। এটি দেশের একজন প্রখ্যাত শিক্ষাবিদ সংশোধন করেছেন। তিন দফায় সংশোধন করা হলেও সেই ভুল রয়ে গেছে। সেটি এবার সংশোধন করে দেওয়া হয়েছে।’

advertisement